JUL 05 2002

ঢাকা ৬ জুলাই ০২

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৫ কলাম ...

# আগামীকাল ছাত্রলীগের ঢাবি শাখার সম্মেলন ॥ লবিং গ্রুপিং তুঙ্গে

ইত্তেফাক রিপোর্ট ॥ প্রায় ৪ বছর পর আগামীকাল ৬ জুলাই ছাত্রলীগের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সকাল ১০টায় টিএসসি মিলনায়তনে ছাত্রলীগের সম্মেলনে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। সংগঠনের কেন্দ্রীয় কমিটি গঠনের ৩ মাস পর বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলন হচ্ছে। সম্মেলনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি গঠন হবে। তবে নেতা-কর্মীদের ভোটাভুটির মাধ্যমেই বিশ্ববিদ্যালয় শাখার নতুন কমিটি গঠন করা হবে বলে জানা গেছে। নির্বাচনের মাধ্যমে সংগঠনের কেন্দ্রীয় কমিটি গঠিত হওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সম্মেলনেও ছাত্রলীগের অধিকাংশ নেতা-কর্মীই নির্বাচনের পক্ষে। ১৯৯৮ সালের ২২শে অক্টোবর সম্মেলনের মাধ্যমে সাজ্জাদ হোসেনকে সভাপতি এবং একেএম আজিমকে সাধারণ সম্পাদক (৫ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## আগামীকাল ছাত্রলীগের

(৩য় পৃঃ পর)

করে বিশ্ববিদ্যালয় শাখার কমিটি গঠনের দেড় বছরের মাথায় সাজ্জাদ হোসেন পড়াশোনার জন্য বিদেশে চলে গেলে এক নম্বর সহ-সভাপতি বেগ শাহীন জাহানকে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতির দায়িত্ব দেয়া হয়। বিশ্ববিদ্যালয় সম্মেলনের আগেই গত ৩রা এপ্রিল কেন্দ্রীয় সম্মেলনের নেতা-কর্মীদের ভোটাভুটির মাধ্যমে কারাবন্দী ছাত্রলীগ নেতা লিয়াকত সিকদার সভাপতি ও নজরুল ইসলাম বাবু